# জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত জাতীর পর্যায়ের একটি বেসরকারি, অরাজনৈতিক ও অলাভজনক সংস্থা। সংস্থাটি বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন Microcredit Regulatory Authority (MRA) কর্তৃক সনদপ্রাপ্ত: সনদ নং ০০৫৭২-০২৫১৭-০০২৬৩। দেশের উন্নয়নে অবদান রাখতে দীর্ঘদিন যাবৎ বিভিন্ন দাতা সংস্থার আর্থিক সহযোগীতায় ক্ষুদ্র অর্থায়ন, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা ও সামাজিক সুরক্ষা সহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড সফলতার সঙ্গে বাস্তবায়ন করে আসছে। বিজের উন্নয়নমূলক কর্ম কান্ডে শিক্ষা কর্মসূচি'র আওতায় প্রাক-প্রাথমিক ও প্রাথমিক বিদ্যালয়ের মাঠ পর্যায়ে সুনামগঞ্জ, গোপালগঞ্জ/বগুড়া জেলার কর্মএলাকায় শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে নিম্নে উল্লেখিত পদে জনবল নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

## পদবী: প্রোগ্রাম অফিসার -১জন(পুরুষ) গ্রেড-XX

**শিক্ষাগত যোগ্যতা:** সমাজ বিজ্ঞানে মাস্টার্স পাশ। ১৫-০৯-২০২৬ ইং তারিখে বয়স সর্বনিম্ন ২২ থেকে সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে হতে হবে।

**অভিজ্ঞতা:** শিক্ষা কার্যক্রম কর্মকান্ডে কমপক্ষে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা সম্পন্য প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। আবেদনকারীকে পরিশ্রমী, উদ্যমী ও মাঠ পর্যায়ে কাজ করার মানসিকতা থাকতে হবে।

**বেতন ভাতা ও প্রারম্ভিক সুবিধা সমূহ:** চাকুরি স্থায়ী করণের পর এ পদের জন্য বাড়ি-ভাড়া, চিকিৎসা-ভাতা এবং অন্যান্য ভাতাসহ মাসিক বেতন স্থান ভেদে প্রায় ৩৩১০০/= টাকা হতে ৩৬২২০/= টাকা প্রদান করা হবে।

## উক্ত পদে সংক্ষিপ্ত দায়িত্বাবলি:

বিজ কর্ম এলাকায় ক্ষুদ্রঋণ কর্মসূচীর সদস্যদের পিছিয়ে পরা ০৪-১১ বছর বয়সের শিশুদের প্রাথমিক শিক্ষার আওতায় নিয়ে আসা। কমিউনিটি পর্যায়ে সংস্থাকে গ্রহণযোগ্য করে তোলা। বিজ পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকাদের কাজের দিক নির্দেশনা প্রদান ও তত্ত্বাবধায়ন করা। সংশ্লিষ্ট সরকারী বেসরকারী অফিসের সাথে সুসম্পর্ক ও সমন্বয় সাধন করা। কম্পিউটারে এমএস অফিস প্রোগ্রামে পারদর্শী হতে হবে। এছাড়া ইন্টারনেট ব্রাউজিং, ডাটাবেজ ম্যানেজমেন্ট ও রিপোর্টিং কাজে দক্ষতা থাকতে হবে।

## পদবী: প্রোগ্রাম অফিসার -১জন(পুরুষ) গ্রেড-XXI

**শিক্ষাগত যোগ্যতা:** মাস্টার্স পাশ। ১৫-০৯-২০২৬ ইং তারিখে বয়স সর্বনিম্ন ২২ থেকে সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে হতে হবে।

**অভিজ্ঞতা:** অভিজ্ঞতা সম্পন্য প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। আবেদনকারীকে পরিশ্রমী, উদ্যমী ও মাঠ পর্যায়ে কাজ করার মানসিকতা থাকতে হবে।

**বেতন ভাতা ও প্রারম্ভিক সুবিধা সমূহ:** চাকুরি স্থায়ী করণের পর এ পদের জন্য বাড়ি-ভাড়া, চিকিৎসা-ভাতা এবং অন্যান্য ভাতাসহ মাসিক বেতন স্থান ভেদে প্রায় ৩১৪৫০/= টাকা হতে ৩৪৪০৫/= টাকা প্রদান করা হবে।

## উক্ত পদে সংক্ষিপ্ত দায়িত্বাবলি:

বিজ কর্ম এলাকায় ক্ষুদ্রঋণ কর্মসূচীর সদস্যদের পিছিয়ে পরা ০৪-০৬ বছর বয়সের শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষার আওতায় নিয়ে আসা। কমিউনিটি পর্যায়ে সংস্থাকে গ্রহণযোগ্য করে তোলা। বিজ পরিচালিত প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকাদের কাজের দিক নির্দেশনা প্রদান ও তত্ত্বাবধায়নদ করা সংশ্লিষ্ট সরকারী বেসরকারী অফিসের সাথে সুসম্পর্ক ও সমন্বয় সাধন করা। কম্পিউটারে এমএস অফিস প্রোগ্রামে পারদর্শী হতে হবে। এছাড়া ইন্টারনেট ব্রাউজিং, ডাটাবেজ ম্যানেজমেন্ট ও রিপোর্টিং কাজে দক্ষতা থাকতে হবে।

## সুযোগ-সুবিধা সমূহ:

উক্ত পদে যোগদানের পর ৩ মাস শিক্ষানবিশ কাল হিসেবে বিবেচিত হবে। এ সময়ে সর্বসাকুল্যে শিক্ষানবিশ ভাতা প্রোগ্রাম অফিসার গ্রেড-XX পদে মাসিক ২১,০০০/= টাকা ও প্রোগ্রাম অফিসার গ্রেড-XXI পদে মাসিক ২০,০০০/= টাকা প্রদান করা হবে। সফলভাবে ৩ মাস শিক্ষানবিশকাল সম্পন্ন হলে কর্মদক্ষতা মূল্যায়নের ভিত্তিতে বিজ-এ স্থায়ী করণ করা হবে এবং কর্মস্থল ভেদে উল্লেখ্য মোট বেতন-ভাতাদি প্রাপ্য হবেন। সংস্থার চাকুরি নীতিমালা অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তি প্রতি বছরে বেতন এর অতিরিক্ত দুইটি উৎসব বোনাস (প্রতিটি মূল বেতন এর সমপরিমান), বৈশাখি ভাতা, কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড (১০%নিজ এবং ১০% সংস্থার অর্থাৎ প্রতি কর্মকর্তাকে মোট মূল বেতনের ২০%), বছরে ২টি গ্রাচ্যুইটি (প্রতিটি মূল বেতনের সমপরিমান), যাতায়াত ভাতা, বার্ষিক বেতন বৃদ্ধি, মোবাইল ফোন ভাতা, পেনশন সুবিধা (২৫/৩০ বছর চাকুরি পূর্ণ হলে যথাক্রমে ১০/১২ মাসের পূর্ণ বেতন ভাতা), বিএসএসপি (বিজ স্টাফ সুরক্ষা প্রোগ্রাম),স্টাফ কল্যাণ ভাতা। প্রতি বছর জুলাই মাসে বিগত ১২ মাসের কর্ম মূল্যায়ন সন্তুষ্টি সাপেক্ষে মূল বেতন বৃদ্ধি প্রাপ্ত হবেন।

## জামানত হিসাবে:

প্রোগ্রাম অফিসার গ্রেড-XX : যোগদানের সময় জামানত হিসাবে ২৫,০০০/= টাকা জমা দিতে হবে।
প্রোগ্রাম অফিসার গ্রেড-XXI : যোগদানের সময় জামানত হিসাবে ২৪,০০০/= টাকা জমা দিতে হবে।
চাকুরি হতে অবসর/অব্যাহতি নিলে জামানতের জমাকৃত অর্থ ফেরত যোগ্য।

## আবেদন প্রক্রিয়া:

আগ্রহী প্রার্থীদের উল্লেখিত পদে নিয়োগের জন্য স্বহস্তে লিখিত আবেদনপত্র আহবান করা যাচ্ছে। **আবেদন করতে হবে উপ-সহকারী পরিচালক (মানবসম্পদ ব্যবস্থাপনা বিভাগ), বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ), প্রধান কার্যালয়, বাড়ি নং-৮/বি, রোড নং-২৯, গুলশান-১, ঢাকা-১২১২।** আবেদন পত্রে নিজ নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ঠিকানা ও পত্র যোগাযোগের ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, এনআইডি/স্মার্ট কার্ড/জন্ম নিবন্ধন নং, রক্তের গ্রুপ ইত্যাদি উল্লেখ করতে হবে। আবেদনে সংযুক্ত করতে হবে: আবেদনকারীর জীনব বৃত্তান্ত (CV), ২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। জমাদানের শেষ তারিখ ১৫-০৯-২০২৬ ইং পর্যন্ত।

## পরীক্ষার স্থান:

নির্বাচনী পরীক্ষা (লিখিত ও মৌখিক) বিজ এর প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার তারিখ, দিন ও সময় মোবাইল ফোন অথবা এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

**যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।**

## সচেতনকরণ:

বিজ এর সংশ্লিষ্ট অফিস ব্যতীত অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠানের সঙ্গে উল্লেখিত কাজের জন্য কোন প্রকার আর্থিক লেনদেন না করার জন্য সচেতন থাকতে পরামর্শ দেয়া হলো।

**www.beesbd.org**